ASC’তে

কেসওয়ার্কার এর সঙ্গে আপনার প্রাথমিক সাক্ষাতের পরে আপনাকে কেন্দ্রে স্বাগত জানানো হবে। কেন্দ্র অর্থাৎ সেন্টার খোলা থাকার সময় হল সোমবার – বৃহস্পতিবার, সকাল 9টা – বিকাল 5টা।

আপনাকে ইংরেজি ক্লাস এবং যোগব্যায়াম এবং আর্ট থেরাপি’র মত অন্যান্য ক্রিয়াকলাপে আমন্ত্রণ জানানো হচ্ছে।

একদল স্বেচ্ছাসেবী পরিবেশিত পুষ্টিকর দুপুরের খাবার এবং এক কাপ চা এবং কফি খাবার জন্যও আপনাকে আমন্ত্রণ জানানো হচ্ছে।

আপনি ইন্টারনেটে প্রবেশের সুযোগ আছে এমন কমপিউটারও ব্যবহার করতে পারবেন।

আমরা বছরের কোনো না কোনো সময় বিনা খরচে ভ্রমণ এবং পিকনিকের ব্যবস্থা করি যেখানে আপনি স্বাগত।

আপনি যদি কোনো নির্দিষ্ট বিষয়ে কেসওয়ার্কার এর সঙ্গে কথা বলতে চান, তাহলে আপনাকে একটি সাক্ষাৎকারের ব্যবস্থা করতে হবে।

ASC কখনও সখনও খাদ্য ভাউচার, ভ্রমণ কার্ড এবং ফোন কার্ড দান হিসেবে পায় যা আমরা গ্রাহকদের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে ভাগ করে দিই। দুর্ভাগ্যবশত, আমরা সরাসরি কোনো আর্থিক সাহায্য করতে অপারগ।

ASC’তে পৌঁছোনো



ট্রেনে করে
সেন্ট্রাল রেলওয়ে স্টেশন থেকে ডেভনশায়ার স্ট্রিট এর বেরোনোর পথ দিয়ে বাইরে বেরোন। ডেভনশায়ার স্ট্রিট ধরে রাস্তার শেষ পর্যন্ত সোজা হাঁটুন। বুর্ক স্ট্রিট এ বাঁদিকে ঘুরে প্রথম ডানদিকের রাস্তা নবস্ স্ট্রিট ধরুন। এখন আমরা 38 নম্বরে।

বাসে করে
শহর থেকে সারি হিলস্ পর্যন্ত 301, 302, 339, 343, 399 নম্বর বাস চলে।

আমাদের সঙ্গে যোগাযোগ করুন
38 Nobbs St
Surry Hills NSW 2010
Australia
টেলিফোন 02 9361 5606
ফ্যাক্স 02 9331 6670

সেপ্টেম্বর, 2006 পর্যন্ত সাম্প্রতিকতম তথ্য সংযোজিত

নিউ সাউথ ওয়েলস্ এর আশ্রয়প্রার্থীদের কেন্দ্র

আশ্রয়প্রার্থীদের কেন্দ্র অর্থাৎ অ্যাসাইলাম সিকার্স সেন্টার (ASC) একটি স্বাধীন, লাভের জন্য পরিচালিত নয় এবং সরকারের নিয়ন্ত্রণাধীন নয় এমন সংস্থা যারা নিউ সাউথ ওয়েলস্ এ বসবাসকারী আশ্রয়প্রার্থীদের জনগোষ্ঠীকে স্বাগত জানানোর উপযুক্ত পরিবেশ সৃষ্টি করে এবং ব্যবহারিক সহায়তা দেয়।
ASC প্রদত্ত সব পরিষেবা বিনামূল্যে পাওয়া যায়।

ASC বর্তমানে ফেডারেল অথবা স্টেট এর সরকার প্রদত্ত কোনো তহবিল পায় না এবং এটি সম্পূর্ণভাবে সমর্থকদের দান এবং অনুদানের ওপর নির্ভর করে।

খোলা থাকার সময়
সোমবার – বৃহস্পতিবার সকাল 9টা – বিকাল 5টা

ফোন ঃ (02) 9361 5606

www.asylumseekerscentre.org.au

ASC'তে প্রথমবার প্রবেশ

আপনি যদি এর আগে ASC'তে না এসে থাকেন, তাহলে আপনাকে একজন কেসওয়ার্কার এর সঙ্গে পুর্বনির্ধারিত সাক্ষাৎকারের ব্যবস্থা করতে হবে। আপনি সোমবার – বৃহস্পতিবার সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত 9361 5606 নম্বরে ফোন করে একটি সাক্ষাৎকারের জন্য সময় চেয়ে নিতে পারেন।

আপনি যদি দোভাষীর সাহায্য চান তাহলে নিচের দুটি উপায়ের মধ্যে একটি অবলম্বন করুন ঃ

- 131 450 নম্বরে টেলিফোন ইন্টারপ্রেটিং সার্ভিস্কে (TIS) ফোন করুন এবং তাদের বলুন ASC'কে (আপনাকে দোভাষীর খরচ দিতে হবে না) ফোন করতে, অথবা;
- ASC-কে ফোন করে আমাদের আপনার নাম, ফোন নম্বর এবং আপনি যে ভাষায় কথা বলেন তা জানান যাতে আমরা একজন দোভাষীর সাহায্য নিয়ে আপনাকে পুনরায় ফোন করতে পারি।

যদি আপনি যখন ফোন করেছেন তখন উপস্থিত না থাকেন তাহলে কেসওয়ার্কার সবসময় 2টি কর্মদিবসের মধ্যে আপনাকে ফোন করার চেষ্টা করবেন।

যেহেতু অনেকেই খুব অসুবিধাজনক পরিস্থিতিতে আছেন, তাই আমাদের সাক্ষাৎকারের বিষয়টি অগ্রাধিকারের ভিত্তিতে ঠিক করতে হয়। আমরা সাধারণত প্রথমবার যোগাযোগের 3 সপ্তাহের মধ্যে কোনো ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ করতে পারি এবং সাধারণত আরও তাড়াতাড়ি এই প্রক্রিয়াটি সমাপ্ত হয়।

নিম্নলিখিতদের অগ্রাধিকারের ভিত্তিতে সাক্ষাৎকার দেওয়া হয় ঃ

- যারা গৃহহীন;
- যাদের ভিসা নেই অথবা যাদের ভিসার মেয়াদ শেষ হতে চলেছে; অথবা
- সেই সব ব্যক্তি যাদের শারীরিক অথবা মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সাহায্যের প্রয়োজনীয়তা খুব বেশি।

যদি উপরের কোনো একটি পরিস্থিতি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয়, তাহলে সাক্ষাৎকারের অনুরোধ করার সময় কেসওয়ার্কারকে এবিষয়ে জানান।

প্রথম সাক্ষাৎকারে কী আশা করা হয়

আপনার প্রথম সাক্ষাৎকারে কেসওয়ার্কার নিম্নলিখিত বিষয় নিয়ে আপনার সঙ্গে আলোচনা করতে পারেন ঃ

- বর্তমানে আইনের নিরিখে আপনার পরিস্থিতি এবং ভিসা সংক্রান্ত অবস্থান (যার অন্তর্ভুক্ত হল কাজ এবং পড়াশোনার অধিকার);
- আপনার বাসস্থান এবং আর্থিক পরিস্থিতি;
- স্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগ এবং আপনার যে মানসিক সহায়তার প্রয়োজন; এবং
- আপনি অন্যান্য যে সব সহায়তা পাচ্ছেন - যেমন, অস্ট্রেলিয়ান রেড ক্রস এর অ্যাসাইলাম সিকার্স অ্যাসিস্টেন্স স্কীম (ASAS)।

আপনার কেসওয়ার্কার আপনাকে নিম্নলিখিত বিষয়ে সাহায্যের জন্য পাঠাতে **পারেন** ঃ

- আইন বিষয়ক পরামর্শ;
- পরামর্শদান সহায়তা;
- স্বাস্থ্য সেবা;
- জরুরি আর্থিক সহায়তা;
- জরুরি বাসস্থান;
- TAFE/স্কুলে ভর্তি;
- কর্মপ্রার্থী সহায়তা;
- কেন্দ্রভিত্তিক ক্রিয়াকলাপ।

ASC'তে স্বাস্থ্য সেবা

আমাদের হেলথ কেয়ার প্রোগ্রাম সেই সব আশ্রয়প্রার্থীদের সাহায্য করে যাদের মেডিকেয়ার কার্ড নেই অথবা যারা গুরুতর স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনীয়তার ক্ষেত্রে ASAS পান না।

আমাদের হেলথ কেয়ার প্রোগ্রাম স্বেচ্ছাসেবী চিকিৎসকদের উপর নির্ভর করে।

হেলথ কেয়ার প্রোগ্রামের কোঅর্ডিনেটর আপনাকে নিম্নলিখিত সহায়তা দিতে পারেন ঃ

- ডাক্তার, ফিজিওথেরাপিস্ট, দাঁতের ডাক্তার অথবা চোখের ডাক্তারের কাছে পাঠানো;
- গুরুতর স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনীয়তার ক্ষেত্রে চিকিৎসার জন্য ওষুধপত্র কেনা; এবং
- হাসপাতালে এবং অন্যান্য জরুরি চিকিৎসার সময় ব্যয় মকুব করার জন্য পরামর্শ।

আপনি কেসওয়ার্কার অথবা হেলথ কেয়ার প্রোগ্রাম এর কোঅর্ডিনেটর অথবা অন্য কোনো কর্মীকে কোনো তথ্য দিলে তা গোপন রাখা হয়। এর অর্থ হল আপনার অগ্রিম অনুমতি ব্যতীত আমরা অন্য কোনো সংস্থাকে আপনার সম্পর্কিত তথ্য দেব না (যদিনা আমাদের মনে হয় আমরা তা না দিলে আপনার অথবা অন্য কারো নিরাপত্তা গুরুতররূপে বিঘ্নিত হতে পারে)। এই বিষয়টি কেসওয়ার্কার এর সঙ্গে আরও বিস্তারিত আলোচনার জন্য আপনাকে স্বাগত জানানো হচ্ছে।